দৈনিক বাংলা

তারিখ 19 NOV 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

# বরিশালে ভার্সিটি সরকারের সক্রিয় বিবেচনায় ঃ প্রেসিডেন্ট

বরিশালের ছাত্র নেতৃবৃন্দের একটি প্রতিনিধিদল শনিবার বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বরিশাল বিএম বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বরিশালে ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

সংসদের সাবেক সহসভাপতি জাফর ইমাম। 'খবর বাসস'র।

সাক্ষাৎকালে ছাত্র নেতৃবৃন্দ প্রেসিডেন্টের কাছে একটি স্মারকলিপি পেশ করেন। এতে বরিশাল বিএম বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে পরিণত করার আহবান জানান হয়।

প্রেসিডেন্ট তাদের বলেন যে বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে যেহেতু সমগ্র বরিশাল বিভাগে আর কোন বিশ্ববিদ্যালয় নেই, সেহেতু সরকার এর আশু বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা নেবেন।

অন্যান্যের মধ্যে বিএম কলেজ ছাত্র সংসদের সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রহমান আজিম, বরিশাল সরকারী কলেজের সাবেক ভিপি কামরুল হাসান শাহীন, বরিশাল জেলা ছাত্রদলের সদস্য মিজানুর রহমান, ছাত্রদলের যুগ্ম আহবায়ক মোঃ জাফর তালুকদার, ছাত্রদল সদস্য এ কে এম দুলাল ও জিয়াউদ্দীন বাবুল এ সময় উপস্থিত ছিলেন।

### বই উপহার

লেখক ও সমাজকর্মী এ কে এ ফিরোজ নুন শনিবার বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে সাক্ষাৎ করেন এবং প্রেসিডেন্টকে 'জিয়া কেন জনপ্রিয়' এবং 'জিয়াউর রহমান ঃ আমার রাজনীতির রূপরেখা' শীর্ষক দু'টি বই উপহার দেন। খবর বাসস'র।

প্রেসিডেন্ট বিশ্বাস শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ওপর লেখা বই দু'টির প্রশংসা করেন এবং তাকে উপহার দেয়ার জন্য জনাব ফিরোজ নুনকে ধন্যবাদ জানান।